

## **া** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭৮

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৮১. মক্কায় ইহরামবিহীন অবস্থায় প্রবেশ জায়েয

# باب جَوَازِ دُخُولِ مَكَّةَ بِغَيْرِ إِحْرَامٍ

#### আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ الْقَعْنَبِيُّ، وَيَحْيَى بْنُ يَحْيَى، وَقُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، أَمَّا الْقَعْنَبِيُّ فَقَالَ قَرَأْتُ عَلَى مَالِكِ بْنِ أَنَسٍ وَأَمَّا قُتَيْبَةُ فَقَالَ حَدَّثَنَا مَالِكُ وَقَالَ يَحْيَى \_ وَاللَّفْظُ لَهُ \_ قُلْتُ لِمَالِكِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم دَخَلَ مَكَّة لِمَالِكِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم دَخَلَ مَكَّة عَامَ الْفَتْحِ وَعَلَى رَأْسِهِ مِغْفَرٌ فَلَمَّا نَزَعَهُ جَاءَهُ رَجُلٌ فَقَالَ ابْنُ خَطَلٍ مُتَعَلِّقٌ بِأَسْتَارِ عَامَ الْكَعْبَةِ . فَقَالَ " اقْتُلُوهُ " . فَقَالَ مَالِكٌ نَعَمْ .

#### বাংলা

৩১৭৮। আবদুল্লাহ ইবনু মাসলামা কা'নবী ইয়াহইয়া ইবন ইয়াহইয়া ও কুতায়বা ইবন সাঈদ মালিক থেকে তিনি ইবন শিহাব থেকে এবং তিনি আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণনা করেন। ইয়াহইয়ার বর্ণনায় হাদিসটি এখানে উদ্ধৃত হল। তিনি বলেন, আমি মালিককে জিজ্ঞেস করলাম, যুহরী আনাস (রাঃ) সুত্রে কি আপনার কাছে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের সময়ে লৌহ শিরস্ত্রাণ পরিহিত অবস্থায় মক্কায় প্রবেশ করলেন। তিনি যখন তা মাথা থেকে নামিয়ে রাখলেন তখন এক ব্যক্তি তার নিকট এসে বলল, ইবনু খাতাল কাবার গিলাফ ধরে ঝুলে আছে। তিনি বললেনঃ তোমরা তাকে হত্যা কর। (ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া ইমাম মালিককে জিজ্ঞাসা করেন যে, ইমাম যুহরী (রহঃ) আনাস (রাঃ) এর সুত্রে তাঁকে এই হাদীস বলেছেন, কিনা), তিনি বলেন, হ্যাঁ।

### **English**

Anas b. Malik (Allah be pleased with them) reported that Allah's Apostle (ﷺ) entered Mecca in the Year of Victory with a helmet on his head; and when he took it off, a man came to him and said:

Ibn Khatal is hanging on to the curtains of the Ka'ba, whereupon he said: Kill him. Malik (one of the narrators) attested this statement having been made.



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউভেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন